রেজিস্টার্ড নং ডি এ-১ "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, ডিসেম্বর ১৪, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক অধিশাখা
www.cabinet.gov.bd

**প্রজ্ঞাপন**

ঢাকা, ২৯ অগ্রহায়ণ ১৪২৭ বঙ্গাব্দ/ ১৪ ডিসেম্বর ২০২০ খ্রিষ্টাব্দ

নম্বর-**০৪.০০.০০০০.৬১১.০৬.০০১.২০.১৭৫**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার **'বলপ্রয়োগে বাস্তুচ্যুত মায়ানমার নাগরিকদের সমন্বয়, ব্যবস্থাপনা ও আইন-শৃঙ্খলা সম্পর্কিত জাতীয় কমিটি'** নিম্নরূপে গঠন করেছে:

(ক) **কমিটির গঠন:**

| | | | |
|---|---|---|---|
| ১. | মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | : | আহ্বায়ক |
| ২. | মন্ত্রী, পররাষ্ট্র মন্ত্রণালয় | : | সদস্য |
| ৩. | প্রতিমন্ত্রী, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | : | সদস্য |
| ৪. | প্রতিমন্ত্রী, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | : | সদস্য |
| ৫. | মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ | : | সদস্য |
| ৬. | প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় | : | সদস্য |
| ৭. | প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ | : | সদস্য |
| ৮. | সচিব, জননিরাপত্তা বিভাগ | : | সদস্য |
| ৯. | সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয় | : | সদস্য |
| ১০. | সচিব, সুরক্ষা সেবা বিভাগ | : | সদস্য |

| | | | |
|---|---|---|---|
| ১১. | সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | : | সদস্য |
| ১২. | পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর | : | সদস্য |
| ১৩. | মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো | : | সদস্য |
| ১৪. | মহাপরিচালক, সামরিক গোয়েন্দা মহাপরিদপ্তর (ডিজিএফআই) | : | সদস্য |
| ১৫. | মহাপরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তর (এনএসআই) | : | সদস্য |
| ১৬. | বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম | : | সদস্য |
| ১৭. | শরণার্থী, ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনার, কক্সবাজার | : | সদস্য |

এ কমিটিতে সচিব বলতে সিনিয়র সচিবও অন্তর্ভুক্ত হবেন।

(খ) **কমিটির কার্যপরিধি :**

১. বাংলাদেশে আশ্রয় নেওয়া বাস্তুচ্যুত মায়ানমার নাগরিকদের (রুহিঙ্গা) ক্যাম্প এলাকায় আইন-শৃঙ্খলা রক্ষা, ব্যবস্থাপনা ও প্রত্যাবাসনসহ সকল কার্যক্রমের সমন্বয় সাধন;

২. প্রত্যাবাসন সংক্রান্ত জাতীয় টাস্কফোর্স (এনটিএফ), ভাসানচরে স্থানান্তরের লক্ষ্যে গঠিত জাতীয় এক্সিকিউটিভ কমিটির কার্যক্রম, নিরাপত্তা প্রদান ও রুহিঙ্গা নাগরিকদের বিষয়ে গৃহীত সকল কার্যক্রম পর্যবেক্ষণ, মূল্যায়ন, পুনর্নিরীক্ষণ ও পরামর্শ প্রদান;

৩. সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদি।

(গ) কমিটি প্রয়োজনে যে কোনো কর্মকর্তা/ব্যক্তিকে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানাতে পারবে।

(ঘ) প্রতি ০৩ (তিন) মাসে কমিটি অন্যূন একটি সভা এবং প্রয়োজন অনুসারে যে কোনো সময়ে সভার আয়োজন করবে।

(ঙ) রাজনৈতিক ও আইসিটি অনুবিভাগ, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

বেবী পারভীন
উপসচিব
ফোন: ৯৫১১০৮১
email: ca_sec@cabinet.gov.bd

মোহাম্মদ ইসমাইল হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক, (উপসচিব বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd